# যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ১৭. পূংমৈথুন বা সমকামিতা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পূংমৈথুন বা সমকামিতা

অতীতে লূত আলাইহিস সালাম-এর জাতি পুংমৈথুনে অভ্যস্ত ছিল। তাদের প্রসঙ্গে আল্লাহ তা'আলা বলেন,

﴿وَلُوطًا إِذۡ قَالَ لِقَوۡمِهِۦٓ إِنَّكُمۡ لَتَأۡتُونَ ٱلۡفَٰحِشَةَ مَا سَبَقَكُم بِهَا مِنۡ أَحَدٖ مِّنَ ٱلۡعَٰلَمِينَ ٢٨ أَئِنَّكُمۡ لَتَأۡتُونَ ٱلرِّجَالَ وَتَقۡطَعُونَ ٱلسَّبِيلَ وَتَأۡتُونَ فِي نَادِيكُمُ ٱلۡمُنكَرَۖ﴾ [العنكبوت: ٢٨، ٢٩]

"লূতের কথা স্মরণ করুন! যখন তিনি তাঁর কওমকে বললেন, তোমরা নিশ্চয় এমন অশ্লীল কাজ করছ যা তোমাদের পূর্বে বিশ্বে আর কেউ করে নি, তোমরাই তো পুরুষে উপগত হচ্ছ, তোমরাই তো রাহাজানি করছ, তোমরাই তো ভরা মজলিসে অন্যায় কাজ করছ"। [সূরা আল-'আনকাবুত, আয়াত: ২৮-২৯]

যেহেতু এ অপরাধ ছিল জঘন্য, অত্যন্ত মারাত্মক ও কদর্যপূর্ণ তাই আল্লাহ তা'আলা লূত আলাইহিস সালামের জাতিকে একবারেই চার প্রকার শাস্তি দিয়েছিলেন। এ জাতীয় এতগুলো শাস্তি একবারে অন্য কোনো জাতিকে ভোগ করতে হয় নি। ঐ শাস্তিগুলো ছিল- তাদের চক্ষু উৎপাটন, উঁচু জনপদকে নিচু করে দেওয়া, অবিরাম কঙ্করপাত ও হঠাৎ নিনাদের ধ্বনি আগমন।

পুংমৈথূনের শাস্তি হিসেবে ইসলামী শরী'আতের পণ্ডিতগণের অগ্রাধিকার প্রাপ্ত মত হলো, স্বেচ্ছায় যদি কেউ পুংমৈথুন করে তাহলে পুংমৈথুনকারী ও মৈথুনকৃত ব্যক্তি উভয়কেই তরবারীর আঘাতে শিরচ্ছেদ করতে হবে। ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহু মারফূ সূত্রে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন,

«مَنْ وَجَدْتُمُوهُ يَعْمَلُ عَمَلَ قَوْمِ لُوطٍ، فَاقْتُلُوا الْفَاعِلَ، وَالْمَفْعُولَ بِهِ»

"তোমরা লূতের সম্প্রদায়ের ন্যায় পুংমৈথুনের কাজ কাউকে করতে দেখলে মৈথুনকারী ও মৈথুনকৃত উভয়কেই হত্যা করবে"।[1]মৈথুন বা সমকামিতার প্রাকৃতিক কুফলও কম নয়। এসব নির্লজ্জ বেহায়াপনার কারণেই আমাদের কালে এমন কিছু রোগ-ব্যাধি মহামারী আকারে দেখা দিয়েছে যা পূর্বকালে ছিল না। বর্তমান পৃথিবীর মহাত্রাস ঘাতক ব্যাধি এইডস যার জ্বলন্ত উদাহরণ। এইডসই প্রমাণ করে যে, সমকামিতা রোধে ইসলামের কঠোর ব্যবস্থা গ্রহণ যথার্থ হয়েছে।

>

## ফুটনোট

[1] তিরমিযী; ইবন মাজাহ; মিশকাত, হাদীস নং ৩৫৭৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10045

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন